## পাঠ–১১ বাংলাদেশের কৃষক ও ফসল

### বাংলাদেশের কৃষক

বাংলাদেশ একটি কৃষিপ্রধান দেশ। এ দেশের মাটি খুবই উর্বর। এ মাটি কৃষিকাজের জন্য বিশেষ উপযোগী। এ মাটি উর্বর হওয়ার কারণে এ দেশে সারাবছর নানা রকমের ফসল ফলে। যারা কৃষিকাজ করে জমিতে ফসল ফলায় তাদেরকে কৃষক বলে।

বর্তমানে বাংলাদেশে প্রায় ৮০ ভাগ মানুষ কৃষির উপর নির্ভরশীল। ধান, গম, ভুট্টা, আলু, সরিষা প্রভৃতি এদেশের ফসল।

উৎপাদন অনুযায়ী বাংলাদেশের কৃষিকে দুই ভাগে ভাগ করা হয়েছে। যথা–

১. খাদ্যশস্য ও
২. অর্থকরী ফসল।

### খাদ্যশস্য

কৃষকের উৎপাদিত ফসল থেকে যেসব ফসল আমরা খেয়ে থাকি সেগুলোকে খাদ্যশস্য বলে। যেমন–ধান, গম, আলু, ডাল, আঁখ, ভুট্টা, শিম, বেগুন, লাউ, পটল, কুমড়া, গাজর, টমেটো, আনারস, পেঁপে, সরিষা প্রভৃতি।





### অর্থকরী ফসল

পাট, চা, তুলা, রেশম, রাবার প্রভৃতিকে অর্থকরী ফসল বলা হয়। পাট বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল। পাট ও পাটজাত দ্রব্য বিদেশে রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করা যায়। সেজন্য পাটকে সোনালি আঁশ বলা হয়।

বাংলাদেশের দ্বিতীয় অর্থকরী ফসল চা। এদেশের উৎপাদিত চায়ের ৬৫ ভাগ বিদেশে রপ্তানি করা হয়। বর্তমানে বাংলাদেশে ১৬৩টি চা বাগান আছে। এদেশের অধিকাংশ চা বাগান সিলেট জেলায় অবস্থিত।